# প্রাথমিক শিক্ষা সমাপনী

# পরীক্ষা ২০১৪ এর মডেল প্রশ্ন

## বিষয়ঃ বাংলাদেশ ও বিশ্বপরিচয়

**সময়ঃ ২ ঘন্টা ৩০ মিনিট** **পূর্ণমান-১০০**

**১। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখঃ** **১×৪০=৪০**

১. আজ বিজয় দিবস। আজকের দিনে পাকিস্তানি বাহিনী বাঙালির কাছে আত্মসমর্পণ করে। আজ কত তারিখ?

ক) ২৬ মার্চ খ) ১৬ ই ডিসেম্বর গ) ১০ ডিসেম্বর ঘ) ২১ ফেব্রুয়ারী

২. বাংলাদেশের বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তৎকালীন মুজিবনগর সরকারের এ পদমর্যাদায় কে ছিলেন?

ক) শেখ মুজিবুর রহমান খ) তাজ উদ্দীন আহম্মদ

গ) সৈয়দ নজরুল ইসলাম ঘ) আতাউল গণি ওসমানী

৩. তুমি তোমার বাবার সাথে জাতীয় জাদুঘরে গিয়ে এমন একটি চিত্র দেখলে সেখানে কয়েকজন ব্যক্তি পাকিস্তানি হানাদার বাহিনীকে এদেশে অত্যাচার চালানোর জন্য সহায়তা করছে। এদের তুমি কী বলবে?

ক) গেরিলা বাহিনী খ) বুদ্ধিজীবী গ) মুক্তিযোদ্ধা ঘ) রাজাকার

৪. পাকিস্তানি বাহিনীর পক্ষে কে আত্মসমর্পণ দলিল স্বাক্ষর করেন?

ক) জেনারেল টিক্কা খান খ) জেনারেল জগজিৎ সিং

গ) জেনারেল নিয়াজি ঘ) জেনারেল ইয়াহিয়া

৫. মুক্তিযুদ্ধে সাহসিকতা ও ত্যাগের জন্য সর্বশেষ বীরত্বসূচক পুরস্কার কোনটি?

ক) বীরশ্রেষ্ঠ খ) বীর-উত্তম গ) বীর-বিক্রম ঘ) বীর-প্রতীক

৬. মুজিবনগর সরকার শপথ নিয়েছিল কবে?

ক) ২৫ শে এপ্রিল ১৯৭১ খ) ১০ ই এপ্রিল ১৯৭১ গ) ১৭ ই এপ্রিল ১৯৭১ ঘ) ২০ শে এপ্রিল ১৯৭১

৭. কখন যৌথ বাহিনী গঠন করা হয়?

ক) ১৯৭১সালের ১৯ শে নভেম্বর খ) ১৯৭১ সালের ২০ শে নভেম্বর

গ) ১৯৭১ সালের ২১ শে নভেম্বর ঘ) ১৯৭১ সালের ২২ শে নভেম্বর

৮. সর্বস্তরের জনগণ নিয়ে কোন বাহিনী গড়ে উঠেছিল?

ক) নিয়মিত বাহিনী খ) অনিয়মিত বাহিনী গ) আক্রমণ বাহিনীঘ) প্রতিরোধ বাহিনী

৯. চট্টগ্রাম, পাবর্ত্য চট্টগ্রাম এবং ফেনী নদী মুক্তিযুদ্ধে কোন সেক্টরের অধীনে ছিল?

ক) ১ নং সেক্টর খ) ২ নং সেক্টর গ) ৩ নং সেক্টর ঘ) ৪ নং সেক্টর

১০. পাকিস্তান কত তারিখে ভারত আক্রমণ করে?

ক) ২রা ডিসেম্বর খ) ৩ রা ডিসেম্বর গ) ২রা নভেম্বর ঘ) ৩রা নভেম্বর

১১. 'ক' তার দেশের শেষ স্বাধীন নবাব। মাত্র ২২ বছর বয়সে তিনি সিংহাসনে বসেন। 'ক' এর সাথে নিচের কোন নবাবের সাদৃশ্য রয়েছে?

ক) নবাব মীর জাফর খ) নবাব সিরাজউদ্দৌলা গ) নবাব মীর কাশিমঘ) নবাব আলিবর্দী খাঁ

১২. রাহেলা আক্তার ছিলেন একজন মুক্তিযোদ্ধা। একদিন এক সফল অভিযান শেষে তিনি পাক বাহিনীর হাতে ধরা পড়া এড়ানোর জন্য স্বেচ্ছায় আত্মহুতি দেন। রাহেলা আক্তারের সাথে কার সাদৃশ্য রয়েছে?

ক) ইলামিত্র খ) প্রীতিলতা গ) ক্ষুদিরাম ঘ) মাস্টারদা সূর্যসেন

১৩. শ্রেণিশিক্ষক পাঠ্যবই পড়াতে গিয়ে বলেন, ইংরেজ শাসনামলে অনেক মহামানব আছে যারা ইংরেজদের বিরুদ্ধে বিদ্রোহ করেন। এদের মধ্যে একজন গড়ে তুলেছিলেন বাঁশের কেল্লা। উক্ত ব্যক্তির সাথে কার সাদৃশ্য রয়েছে।

ক) দুদু মিঞা খ) মঙ্গল পান্ডে গ) হাজী শরিয়ত উল্লাহ ঘ) তিতুমীর

১৪. ব্রিটিশ বিরোধী প্রথম স্বাধীনতা সংগ্রাম যা বাংলায় শুরু হয়ে ইংরেজ অধিকৃত অন্যান্য এলাকার সিপাহীদের মধ্যে ছড়িয়ে পড়ে। এখানে কোন বিদ্রোহের কথা বলা হয়েছে?

ক) সিপাহী বিদ্রোহ খ) নীল বিদ্রোহ গ) কৈবর্ত বিদ্রোহ ঘ) অসহযোগ

১৫. ১৭৫৭ সাল থেকে ১৯৪৭ সাল পর্যন্ত এদেশে কারা রাজত্ব করে?

ক) ফরাসিরা খ) পর্তুগীজরা গ) ডাচরা ঘ) ইংরেজরা

১৬. কী কারণে বাংলার ইংরেজদের আগম ঘটে?

ক) বাণিজ্য করার জন্য খ) গুপ্তচর বৃত্তির জন্য গ) ভূমি ক্রয়ের জন্য ঘ) চাকরি করার জন্য

১৭. ইষ্ট ইন্ডিয়া কোম্পানির প্রথম শাসনকর্তা কে ছিলেন?

ক) ওয়ারেন হেস্টিংস খ) উইলিয়াম বেন্টিংক গ) লর্ড কার্জন ঘ) লর্ড ক্লাইভ

১৮. সিপাহী বিদ্রোহ প্রথম শুরু হয় কোথায়?

ক) হায়েদারাবাদে খ) ব্যারাকপুরে গ) চেন্নাইয়ে ঘ) গোয়ালিয়রে

১৯. কোন আন্দোলনটি দমনের জন্য ব্রিটিশ সরকার তৎকালীন বাংলা প্রদেশকে ভাগ করার সিদ্ধান্ত নেয়?

ক) জাতীয়তাবাদী আন্দোলন খ) স্বরাজ আন্দোলন গ) বঙ্গভঙ্গ রদ ঘ) অসহযোগ আন্দোলন

২০. "ভারতীয় জাতীয় কংগ্রেস" নামক রাজনৈতিক দলটি কত সালে গঠিত হয়?

ক) ১৮৮০ সালে খ) ১৮৮৫ সালে গ) ১৮৯০ সালে ঘ) ১৮৯৫ সালে

২১. রতন তার বন্ধুদের সাথে ভ্রমণে গিয়ে 'গোবিন্দ ভিটা' লক্ষিন্দরের মেধ দেখল। রতনরা কোন স্থানে বেড়াতে গিয়েছিল?

ক) ওয়ারী বটেশ্বর খ) মহাস্থানগড় গ) ময়নামতি ঘ) সোমপুর বিহার

২২. বাংলাদেশের একটি অন্যতম লোকশিল্প জাদুঘর যেটি ১৯৭৫ সালে প্রতিষ্ঠিত হয়। এখানে কোন লোকশিল্প জাদুঘরের কথা বলা হয়েছে?

ক) বরেন্দ্র জাদুঘর খ) নৃতাত্ত্বিক জাদুঘর গ) সামরিক জাদুঘর ঘ) সোনারগাও লোকশিল্প জাদুঘর

২৩. নরসিংদী জেলায় 'ক' নামক একটি প্রত্নতাত্ত্বিক নিদর্শন রয়েছে। উক্ত স্থানে কোন যুগে একটি সভ্যতার যাত্রা শুরু হয়?

ক) মৌয যুগে খ) পাল যুগে গ) মুঘল যুগে ঘ) সুলতানি যুগে

২৪. তুমি তোমার দেশের ঐতিহাসিক নিদর্শন সমূহের প্রতি সম্মান দেখাবে কেন?

ক) দেখতে অনেক চমৎকার বলে খ) আর্থিকভাবে অনেক মূল্যবান বলে

গ) আমাদের ইতিহাস ও সংস্কৃতিকে প্রতিনিধিত্ব করে বলে ঘ) বিদেশীরা এ ব্যাপারে অনেক আগ্রহ প্রকাশ করে বলে

২৫. মহাস্থানগড় কোন নদীর তীরে অবস্থিত?
ক) কর্ণফুলী খ) করতোয়া গ) বুড়িগঙ্গা ঘ) মহানন্দা
২৬. কোন নিদর্শনটি ওয়ারী বটেশ্বরে পাওয়া গেছে?
ক) গোকুল মেধ খ) ছাপাঙ্কিত মুদ্রা গ) পোড়ামাটির ফলক ঘ) রৌপ্য ও স্বর্ণমুদ্রা
২৭. পাহাড়পুরের সবচেয়ে গুরুত্বপূর্ণ পুরাকীর্তিটি কী নামে পরিচিত?
ক) পানাম নগর খ) আনন্দ বিহার গ) গোবিন্দ ভিটা ঘ) সোমপুর বিহার
২৮. কতসালে লালবাগ দূর্গ তৈরির কাজ শুরু হয়?
ক) ১৬৭৮ সালে খ) ১৬৭৯ সালে গ) ১৬৮০ সালে ঘ) ১৬৮১ সালে
২৯. 'ভোজ বিহার' রয়েছে কোথায়?
ক) মহাস্থানগড়ে খ) ময়নামতিতে গ) পাহাড়পুরে ঘ) ওয়ারী বটেশ্বরে
৩০. ফরাসিরা কার নিকট থেকে আহসান মঞ্জিল ক্রয় করে
ক) এনায়েতউল্লাহ খ) মতিউল্লাহ গ) আলিমউল্লাহ ঘ) আহসান উল্লাহ
৩১. 'ক' একটি কৃষি প্রধান দেশ। এদেশের জনসংখ্যার শতকরা প্রায় ৮০ ভাগ প্রত্যক্ষ ও পরোক্ষভাবে কৃষির উপর নির্ভরশীল। 'ক' দেশটির সাথে নিচের কোন দেশটির সাদৃশ্য রয়েছে?
ক) ভারত খ) বাংলাদেশ গ) পাকিস্তান ঘ) শ্রীলংকা
৩২. বর্তমানে বাংলাদেশে গমের চাষ বৃদ্ধি পাওয়ার অন্যতম কারণ কোনটি?
ক) গম তৈরি খাদ্যের জনপ্রিয়তা বৃদ্ধি খ) গম চাষ খুব সহজ
গ) গম চাষে খরচ খুবই কম হয় ঘ) গম চাষের জন্য উপযোগী জলবায়ু
৩৩. বাংলাদেশের একটি শিল্পে কয়েক লক্ষ নারী-পুরুষ কাজ করে। এ শিল্প থেকে প্রতি বছর অনেক বৈদেশিক মুদ্রা অর্জিত হয়। এখানে কোন শিল্পের কথা বলা হয়েছে?
ক) পাট খ) সাবান গ) তামাক ঘ) পোশাক
৩৪. বাংলাদেশ প্রতিবছর বিভিন্ন রকম যন্ত্রপাতি ও খাদ্য বিদেশ থেকে কিনে আনে। এগুলোকে কোন ধরণের পণ্য বলা হয়?
ক) আমদানি খ) রপ্তানি গ) কৃষি ঘ) অর্থকরি
৩৫. বাংলাদেশের রপ্তানি আয়ের একটি উল্লেখযোগ্য অংশ নিচের কোনটি থেকে আসে?
ক) কৃষি খাত খ) শিল্পখাত গ) মৎস খাত ঘ) বাণিজ্য খাত
৩৬. ২০১১-১২ অর্থ বছরে বাংলাদেশের মোট জাতীয় আয়ে কৃষির অবদান শতকরা কত ভাগ?
ক) ২০ ভাগ খ) ২৫ ভাগ গ) ৩০ ভাগ ঘ)৩৫ ভাগ
৩৭. শীতকালে উৎপাদিত কোন ফসলের চাষ বাংলাদেশে প্রসার লাভ করেছে?
ক) তৈলবীজ খ) গম গ) ডাল ঘ) ভুট্টা
৩৮. 'অপসোনিন' কোন শিল্পের কারখানা?
ক) ওষুধ খ) সিমেন্ট গ) সাবান ঘ) কাঁসা
৩৯. বর্তমানে বাংলাদেশের অর্থনীতিতে মোট জাতীয় আয় শিল্পের অবদান কত ভাগ?
ক) ২০ ভাগ খ) ৩০ ভাগ গ) ৪০ ভাগ ঘ) ৫০ ভাগ
৪০. নিচের কোনটি আমদানি দ্রব্য?
ক) হিমায়িত খাদ্য খ) চামড়া গ) চা ঘ) যন্ত্রপাতি

২। শূণ্যস্থানের প্রযোজ্য শব্দ বা শব্দসমূহ উত্তরপত্রে লেখ : ১×১০=১০

ক) মুক্তিবাহিনীর নিয়মিত বাহিনীকে বলা হতো ---------- ।

খ) যুদ্ধের সময় এদেশের ---------- সাধারণ মানুষ নিজেদের জীবন বিপন্ন করে মুক্তিবাহিনীর পাশে দাঁড়িয়েছিলেন ।

গ) বাংলাদেশের অধিকাংশ মানুষই ছিল ---------- পক্ষে ।

ঘ) কোম্পানির প্রথম ---------- ছিলেন লর্ড ক্লাইভ ।

ঙ) বিদেশি ইংরেজ শাসনকে ---------- বিনা প্রতিরোধে মেনে নেয়নি ।

চ) ---------- নামে পরিচিত এক টুকরো বিশেষ ধরনের পাথর পাওয়া গেছে ।

ছ) মাঝখানে সুউচ্চ একটি ---------- রয়েছে ।

জ) পোড়ামাটির ফলকে ---------- জীব ও পৌরণিক দৃশ্য রয়েছে ।

ঝ) বাংলাদেশ একটি ---------- দেশ ।

ঞ) বাংলাদেশের ---------- চা চাষের জন্য উপযোগী ।

৩। নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে লেখ । ১×১০=১০

ক) কখন মুজিবনগর সরকার শপথ গ্রহণ করে?

খ) মুক্তিযুদ্ধে 'বীরত্বসূচক উপাধীগুলো কী কী?

গ) কাদের সমন্বয়ে যৌথবাহিনী গঠন করা হয়?

ঘ) কখন থেকে বাংলায় ইংরেজ শাসনের সূচনা হয়?

ঙ) কত সালে 'ছিয়াত্তরের মন্বান্তর' সংঘটিত হয়?

চ) কত সালে ভারতবর্ষ স্বাধীন হয়?

ছ) বাংলার প্রাচীনতম শিলালিপি কোনটি?

জ) পাহাড়পুরের ধ্বংস স্তূপের ভেতর কী পাওয়া গেছে?

ঝ) আমাদের খাদ্য উৎপাদনের প্রধান উৎস কী?

ঞ) বাংলাদেশে চিনির মোট চাহিদা কত?

৪। ক, খ, গ ও ঘ নং প্রশ্নসহ যে কোন ৮টি প্রশ্নের উত্তর দাও । ৫×৮=৪০

ক) মুক্তিযুদ্ধে ভারতের ৫টি সহযোগিতার কথা উল্লেখ কর ।

খ) ইংরেজ শাসনামলে বাংলার যেসব উন্নয়ন সাধিত হয়েছিল তাঁর ৫টি উদাহরণ দাও ।

গ) মুক্তিবাহিনীর প্রধান যুদ্ধ কৌশল কী? মুক্তিযোদ্ধাদের প্রিয় ধ্বনি কী ছিল? রণাঙ্গণে সেই শব্দের ৩টি প্রভাব লেখ ।

ঘ) পলাশী যুদ্ধ কেন হয়েছিল? এ যুদ্ধের ৫টি ফলাফল লিখ ।

ঙ) মহাস্থানগড়ের ৫টি ঐতিহাসির নিদর্শনের বর্ণনা দাও ।

চ) লালবাগ দূর্গের নিদর্শনগুলোর বর্ণনা দাও ।

ছ) ১৮৫৭ সালের সিপাহী বিদ্রোহের গুরুত্ব আলোচনা কর ।

জ) বাংলাদেশের অর্থনীতিতে শিল্পের ৫টি অবদান লেখ ।

ঝ) বাংলাদেশে পোশাক শিল্পের ৫টি গুরুত্ব বর্ণনা কর ।

ঞ) বাংলাদেশে ক্ষুদ্র ও কুটির শিল্পের ৫টি গুরুত্ব লেখ ।